



(সংশোধিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পাইকগাছা, খুলনা।  
<http://paikgasa.khulna.gov.bd>

স্মারক নং-০৫.৪৪.৪৭৬৪.০০০.৭০.০০৯.২০২০- ৪৫০

তারিখ: ১৯ জ্যৈষ্ঠ ১৪২৭ বঙ্গাব্দ  
০২ জুন ২০২০ খ্রিঃ

### গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আজ ০২/০৬/২০২০ খ্রিঃ পাইকগাছা উপজেলার কপিলমুনি ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের কপিলমুনি গ্রামের জনাব তপন পাল, পিতা বাবুরাম পাল করোনা ভাইরাস (কোভিড-১৯) আক্রান্ত হওয়ায় জেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সভাপতি ও জেলা প্রশাসক জনাব মোহাম্মদ হেলাল হোসেন ঐর নির্দেশনার প্রেক্ষিতে উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সদস্য-সচিব উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পাইকগাছা, খুলনা এর সাথে পরামর্শক্রমে উপজেলা করোনা ভাইরাস প্রতিরোধ কমিটির সিদ্ধান্ত অনুযায়ী সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮-এর ১১(২) ধারা মোতাবেক পাইকগাছা উপজেলার কপিলমুনি ইউনিয়নের ০৪নং ওয়ার্ডের কপিলমুনি গ্রামের উপরোক্ত ব্যক্তির আশেপাশের ২০ (বিশ) ঘর পরবর্তী ঘোষণা না দেওয়া পর্যন্ত অবরুদ্ধ (লকডাউন) করণপূর্বক উক্ত এলাকায় লোকজন প্রবেশ ও বাহির নিষিদ্ধ করা হলো।

২। তার পরিবারের সদস্য, আত্মীয় স্বজন ও প্রতিবেশীসহ সকলকে আবশ্যিকভাবে হোম কোয়ারেন্টাইনে থাকার জন্য অনুরোধ করা হলো।

৩। উপরোক্ত আদেশ অমান্যকারী সংশ্লিষ্ট ব্যক্তির বিরুদ্ধে কঠোর আইনানুত ব্যবস্থা গ্রহণ করা হবে।

জুলিয়া সুকার্মনা

উপজেলা নির্বাহী অফিসার, পাইকগাছা, খুলনা

ও

সভাপতি

উপজেলা পর্যায়ে করোনা ভাইরাস সংক্রামণ ও  
প্রতিরোধসহ সার্বিক ব্যবস্থাপনা কমিটি।

ফোনঃ ০৪০২৭-৫৬০০১।

ই-মেইলঃ ১) unopaikgacha@mopa.gov.bd

২) unopaikgacha@gmail.com

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় জন্য প্রেরণ করা হলোঃ- (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১০৪, খুলনা-০৬, পাইকগাছা, খুলনা।
- ২। জেলা প্রশাসক, খুলনা।
- ৩। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পাইকগাছা, খুলনা।
- ৪। অফিসার ইনচার্জ, পাইকগাছা থানা, খুলনা।
- ৫। উপজেলা ..... অফিসার, পাইকগাছা, খুলনা।
- ৬। সহকারী প্রোগ্রামার, পাইকগাছা, খুলনা (পোর্টালের আপলোডের অনুরোধসহ)।
- ৭। চেয়ারম্যান, কপিলমুনি ইউপি পাইকগাছা, খুলনা।
- ৮। সভাপতি/সম্পাদক, ..... পাইকগাছা, খুলনা।